

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৪৬. কোন অমুসলমানের সালামের উত্তরে 'ওয়া'আলাইকুমুস্-সালাম' বলা

আনাস (রা.) থেকে বর্ণিত তিনি বলেন:

نُهِيْنَا أَوْ أُمِرْنَا أَنْ لاَ نَزِيْدَ أَهْلَ الْكِتَابِ عَلَى: وَعَلَيْكُمْ

''আমাদেরকে নিষেধ অথবা আদেশ করা হয়েছে এ মর্মে যে, আমরা যেন ইহুদি ও খ্রিস্টানের সালামের উত্তরে ''ওয়া'আলাইকুম'' থেকে কোন কিছু বাড়িয়ে না বলি''।[1]

আনাস্ (রা.) থেকে আরো বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

إِذَا سَلَّمَ عَلَيْكُمْ أَهْلُ الْكِتَابِ فَقُولُواْ : وَعَلَيْكُم

''যখন তোমাদেরকে ইহুদি-খ্রিস্টানরা সালাম দিবে তখন তোমরা তার উত্তরে বলবে শুধু ''ওয়া'আলাইকুম''।[2]

>

ফুটনোট

- [1] (আক্ষাদ্, হাদীস ১২১৩৬ ইবনু আবী শাইবাহ্, হাদীস ২৫৭৬৩)
- [2] (মুসলিম, হাদীস ২১৬৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11396

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন